গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৩১.০১.০০০০.০০১.১৮.৩৪৮.২৩- ৫২

তারিখঃ ২৭/০১/২৬

বিষয়ঃ গণভোট ২০২৬ বিষয়ে নারী ভোটারদের মধ্যে জনসচেতনতা তৈরির লক্ষ্যে সমন্বিত উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। বাংলাদেশ নির্বাচন কমিশনের তথ্য অনুসারে এই নির্বাচনে মোট ভোটারের প্রায় ৪৯.২৪% নারী ভোটার তাদের মূল্যবান ভোট দিবেন। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে নারী ভোটারদের মধ্যে ব্যাপক জনসচেতনতা তৈরি করা প্রয়োজন। তাই মন্ত্রণালয়গুলোর গণভোটের প্রচারণায় নিজস্ব কর্মপরিকল্পনার পাশাপাশি নারী ভোটারদের জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করলে নারী ভোটারদের কাছে কার্যকরভাবে পৌছানো সম্ভব হবে। এ বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় মাঠ পর্যায়ে সমন্বিতভাবে একত্রে প্রচার কার্যক্রম (যেমনঃ উঠান বৈঠক, সভা, সমাবেশ প্রভৃতি) পরিচালনা করতে পারে। এক্ষেত্রে প্রয়োজনসাপেক্ষে মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরকে তাদের সমন্বিত উদ্যোগে অন্তর্ভুক্ত করতে পারেন।

০২। গণভোট ২০২৬ সম্পর্কে নারী ভোটারদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তরগুলোকে সমন্বিতভাবে প্রচার কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০১/২০২৬
শবনম শিরিন
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রকল্প পরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
২। অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩। আইন কর্মকর্তা (যুগ্ম ও জেলা দায়রা জজ), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৪। উপপরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৬। সহকারী পরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৭। হোস্টেল সুপার (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রশিক্ষণ কেন্দ্র (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৯। ডে-কেয়ার অফিসার (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।
১০। সহকারী পরিচালক (ওয়েব পোর্টাল), মহিলা বিষয়ক অধিদপ্তর।

সদয় জ্ঞাতার্থে বিতরণঃ

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, নারী ও শিশু মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, নারী ও শিশু মন্ত্রণালয়।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৪। অফিস কপি।